

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০৯.৯৯.০২৩.২৩-১৪৮

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি” খাতে বিশেষ গবেষণা অনুদানের জন্য ৩য় ও ৪র্থ কিস্তির (২য় ভাগের) প্রকল্পের বিল দাখিল।

২০২৩-২৪ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদানের জন্য নির্বাচিত গবেষণা প্রকল্পের প্রকল্প পরিচালককে (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ৩য় ও ৪র্থ কিস্তির (মোট অনুদানের ৫০%) অর্থ উত্তোলনের জন্য অনলাইনে মন্ত্রণালয়ের নির্দিষ্ট লিংকে লগইন করে সংশ্লিষ্ট সকল তথ্যাদি সাবমিটপূর্বক একসেট হার্ডকপি মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ২। বিশেষ গবেষণা অনুদানের অর্থ প্রকল্পের নামে খোলা যৌথ হিসাবে প্রেরণ করা হবে।
- ৩। সরকারি অর্থের যথাযথ ব্যয় নিশ্চিত এবং সরকারি অডিট এর সুবিধার্থে ক্যাশ বহি, চেক রেজিস্টার, ষ্টক রেজিস্টার ইত্যাদি সংরক্ষণ করতে হবে।
- ৪। গবেষণা কাজের সম্মানি হিসেবে একজন Principal Investigator (PI) সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও একজন Associate Investigator (Co-PI) সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা অর্থবছরে একবার গ্রহণ করতে পারবেন।
- ৫। সরকারি বিধি-বিধান অনুযায়ী ব্যয়কৃত অর্থের ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক চূড়ান্ত রিপোর্ট-এর সাথে ভ্যাট ও ট্যাক্স প্রদানের মূলকপি ৩০ জুলাই ২০২৪ এর মধ্যে মন্ত্রণালয়ে জমা দিতে হবে।
- ৬। এই অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করাসহ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট সংশোধিত নীতিমালা মার্চ/২০১২ এ উল্লিখিত যাবতীয় শর্তাদি পালন করতে হবে।
- ৭। মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফর্মে প্রকল্প পরিচালক (PI) “বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন” বিলের সাথে সাবমিট করবেন।
- ৮। মন্ত্রণালয় কর্তৃক গঠিত **টেকনিক্যাল মনিটরিং টিমকে** প্রকল্প চলাকালীন যে কোন সময়ে এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্প সমাপনান্তে প্রকল্পের বাস্তব/অর্থনৈতিক অগ্রগতি প্রদর্শন কাজে প্রকল্প পরিচালকগণ সহযোগিতা প্রদান করবেন।
- ৯। বিশেষ গবেষণা অনুদানের অর্থ EFT (Electronic Funds Transfer) এর মাধ্যমে পরিশোধের জন্য সকল প্রকল্প পরিচালককে নিম্নবর্ণিত পদ্ধতিতে বিল সাবমিট করতে হবে:
 - ক) মন্ত্রণালয়ের IDSP এর Platform এর নির্ধারিত লিংকে (<https://accounts.most.gov.bd/my-account/en/grant/bill-submission>) Login করে ২য় ভাগের বিল সাবমিশনের জন্য নির্ধারিত Bill Submission লিংকে যেতে হবে।
 - খ) প্রধান গবেষক প্রকল্পের নামে খোলা ব্যাংক একাউন্টের রাউটিং নাম্বার, একাউন্ট নাম্বার ও ব্যাংক একাউন্টের নাম ইত্যাদি সঠিক আছে কিনা তা যাচাই করার পর প্রত্যায়নের জন্য সংস্থাপ্রধান/প্রতিষ্ঠান প্রধানের নিকট ফরোয়ার্ড করবেন।

গ) প্রতিষ্ঠান প্রধান প্ল্যাটফর্মে লগইন করে বিল প্রত্যয়ন করার পর প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) বিলটি ফাইনাল সাবমিশন করে নিয়োক্ত ডকুমেন্টের একসেট প্রিন্ট করে হার্ডকপি কুরিয়ার এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন:-

- I. অনলাইনে সাবমিটকৃত বিল;
- II. Information form; এবং
- III. প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন।

ঘ) বিলের হার্ডকপি **আগামী ০৯ এপ্রিল ২০২৪** তারিখের মধ্যে মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে। উল্লেখ্য, অনলাইনে বিল দাখিলের ক্ষেত্রে যথাযথ নিয়মের ব্যত্যয় ঘটলে এবং হার্ড কপির এক সেট মন্ত্রণালয়ে না পৌঁছালে বিশেষ গবেষণা অনুদানের অর্থ প্রাপ্তির বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কোন দায়ভার বহন করবেনা।

হার্ডকপি প্রেরণের ঠিকানা


সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ভবন নং-০৬, কক্ষ নং- ৯১৭, ১০ম তলা

দৃঃ আঃ বিদ্যুৎ চন্দ্র আইচ, যুগ্মসচিব, ফোন: ০২২২৩৩৫৬৫৩৯।



বিদ্যুৎ চন্দ্র আইচ
যুগ্মসচিব

ফোন: ০২২২৩৩৫৬৫৩৯

ই-মেল: section9@most.gov.bd

প্রকল্প পরিচালক/প্রিন্সিপাল ইনভেস্টিগেটর (২০২৩-২০২৪ অর্থবছরে
বিশেষ অনুদানের জন্য নির্বাচিত সকল প্রকল্পের)

নং- ৩৯.০০.০০০০.০০৯.৯৯.০২৩.২৩-**১৪৮**/১(৪)

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (বি:প্র:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অফিস কপি



বিদ্যুৎ চন্দ্র আইচ
যুগ্মসচিব